# তারেক রহমান-মোদি বৈঠক হলে সমস্যার সমাধান হবে: ভারতীয় হাইকমিশনার



ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ও ভারতের সরকারপ্রধান পর্যায়ে বৈঠক হলে দুই দেশের মধ্যে বিদ্যমান বিভিন্ন সমস্যার সমাধানের পথ সহজ হবে বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী।

রোববার (৯ জুলাই) রাজধানীতে ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রে শিশুদের জন্য একটি খেলার স্থান উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক দীর্ঘদিনের এবং তা ইতিবাচক উল্লেখ করে হাইকমিশনার বলেন, জনগণের পর্যায়ের এই বন্ধনকে রাষ্ট্রীয় পর্যায়েও আরও এগিয়ে নেওয়া প্রয়োজন।

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ নিয়ে প্রশ্ন করা হলে দীনেশ ত্রিবেদী তাকে জনবান্ধব নেতা হিসেবে উল্লেখ করেন। একই সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকেও জনবান্ধব নেতা উল্লেখ করে তিনি বলেন, দুই দেশের সরকারপ্রধান একসঙ্গে বসলে অনেক জটিলতার সমাধান সম্ভব।

এ সময় বাংলাদেশি নাগরিকদের জন্য ভারতের ভিসা প্রক্রিয়া আরও সহজ করার উদ্যোগের কথাও জানান তিনি। সাধারণ মানুষের ভিসা সংক্রান্ত ব্যয় কমানো এবং ভবিষ্যতে ভিসা আবেদন কেন্দ্রের সংখ্যা ও ভিসা দেওয়ার সক্ষমতা বাড়ানোর পরিকল্পনা রয়েছে বলে জানান ভারতীয় হাইকমিশনার।